U

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

চট্টগ্রাম

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৫২.৬২.০৮২.১৯. ২৮৮২

তারিখ ঃ ১৩-১০-২০১৯খ্রিঃ

## নোটিশ

আগামী ১৬-১০-২০১৯খ্রিঃ তারিখ বুধবার বিকাল ৩:০০ ঘটিকায় বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত ইনোভেশন প্রকল্পগুলো যাচাই বাছাইয়ের উদ্দেশ্যে চীফ ইনোভেশন অফিসার মহোদয়ের সভাপতিত্বে কনফারেন্স রুমে একটি সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় ইনোভেশন কমিটি ও ইনোভেশন সাব কমিটির সকল সম্মানিত সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো যাচ্ছে।

13.10.19.

(মোঃ আমিনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক (অপারেশন) ও
ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা

বিতরণ ঃ

০১। ইনোভেশন কমিটির সম্মানিত -----------------------------------------------------বিএসসি,চট্টগ্রাম ।
০২। ইনোভেশন সাব কমিটির সম্মানিত সদস্য, জনাব রমেশ দত্ত ----------বিএসসি,চট্টগ্রাম ।
সুপারিনটেনডেন্ট, প্রশাসন

অনুলিপি ঃ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। নির্বাহী পরিচালক (অর্থ/প্রযুক্তি/বাণিজ্য), বিএসসি,চট্টগ্রাম ।
০২। সচিব /মহাব্যবস্থাপক(প্রশাসন)/ বিএসসি,চট্টগ্রাম
০৩-০৮। মহাব্যবস্থাপক (ওয়ার্কশপ) /(পরিকল্পনা) /(অর্থ)/ হিসাব/(অপারেশন)/শিপ পার্সোনেল বিএসসি, চট্টগ্রাম
০৯। উপ-মহাব্যবস্থাপক (এসএসএম),বিএসসি, চট্টগ্রাম।
১০। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন),বিএসসি,চট্টগ্রাম-উক্ত সভায় হালকা আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি,চট্টগ্রাম - ব্যঃপঃ মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১২। অফিস কপি।

O/C

14.10.19

14.10.19

১৪/১০/১৯

১৪/১০/১৯
(A-Gm. Zafur Rahman Chy.)

14/10/19

১৪/১০/১৯

১৪-১০-১৯

১৪/১০/১৯

স্মারক নং: ১৮.১৬.০০০০.৩৫২.৬৬.০৮৮.১৯, ৯৭৫১ তারিখ: ১৭-১০-২০১৯খ্রিঃ

# ইনোভেশন টিম কর্তৃক বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত ইনোভেশন প্রকল্প যাচাই বাছাইয়ের উদ্দেশ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| ইনোভেশন অফিসার | : | কাজী মোহাম্মদ শফিউল আলম, নিঃ পঃ (অর্থ) |
| সভার তারিখ ও সময় | : | ১৭-১০-২০১৯খ্রিঃ বেলাঃ ১২:০০ ঘটিকা |
| সভার স্থান | : | কনফারেন্স রুম |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে ইনোভেশন অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি ও ইনোভেশন অফিসার সভার শুরুতে জানান ইনোভেশন প্রকল্প বাছাইয়ের উদ্দেশ্যে অনুষ্ঠিত সভায় সংস্থার সকল বিভাগের মব্য. ও বিভাগীয় প্রধানদের উপস্থিত থাকা উচিত। আগামী দিনে বিষয়টি বাস্তবায়নে সভাপতি মহোদয় সকলের সহযোগীতা কামনা করেন ।

০২। অতঃপর সভাপতি ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিম্নে উল্লিখিত আলোচ্য বিষয়সমূহ উল্লেখ করেনঃ

ক) বিভিন্ন বিভাগ হতে প্রেরিত ইনোভেশন প্রকল্প সভায় উপস্থাপন;
খ)ইনোভেশন প্রকল্পগুলো যাচাই বাছাই পূর্বক অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ;
গ) সংস্থায় সেবা সহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজনকরণ;

**আলোচ্য সূচীঃ ক**

**প্রকল্প ১: Cash to master (CTM) সেবা সহজীকরণ**

ক্যাশ টু মাস্টার প্রকল্পটি সংস্থার হিসাব বিভাগের সহকারী ব্যবস্থাপক জনাব মোঃ আসাদ উল্লাহ এবং সহকারী ব্যবস্থাপক মো: গোলাম সরোয়ার উদ্ভাবন করেন । ক্যাশ টু মাস্টার প্রকল্পটি নিয়ে একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করেন সহকারী ব্যবস্থাপক জনাব মোঃ আসাদ উল্লাহ । তিনি ক্যাশ টু মাস্টার এর সংক্ষিপ্ত বিবরণ, সংশ্লিষ্ট বিভাগসমূহ,বিদ্যমান সেবাদান পদ্ধতি, উদ্যোগ বাস্তবায়নের সময়কাল, বিদ্যমান সেবাদান প্রক্রিয়া, সমস্যার বিবৃতি,সুবিধাসমূহ, নতুন সেবাদান পদ্ধতি, প্রত্যাশিত ফলাফল (টিসিভি) ও রির্সোস ম্যাপ উপস্থাপন করেন। পাওয়ার পয়েন্ট উপস্থাপনা শেষে ইনোভেশন কমিটি ও সাব-কমিটি এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । আলোচনা শেষে উপস্থিত কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দের ঐক্যমতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**সিদ্ধান্ত**

প্রকল্পটি বাস্তবায়নের জন্য সংস্থার সহকারী ব্যবস্থাপক (মেরিন ওয়ার্কশপ) সৌহা তাসনুভা কারিগরি বিষয়টিতে প্রকল্প উপস্থাপনকারী টিমের সাথে কাজ করে অধিকতর বাস্তবায়নযোগ্য করে পুনরায় উপস্থাপন করবে । এই শর্তে প্রকল্পটি পরবর্তী কার্যক্রমের নিমিত্ত গৃহীত হলো ।

**প্রকল্প ২: কুতুবদিয়া এবং চট্টগ্রাম বন্দরে অবস্থানরত বিএসসির জাহাজগুলোর সাথে যোগাযোগ সহজীকরণ**

চট্টগ্রাম বন্দরে অবস্থানরত বিএসসির জাহাজগুলোর সাথে যোগাযোগ সহজীকরণ প্রকল্পটি সংস্থার অপারেশন বিভাগের সহকারী ব্যবস্থাপক জনাব মোহাম্মদ দিদারুল আলম উদ্ভাবন করেন ।তিনি প্রকল্পটি নিয়ে একটি পাওয়ার

পয়েন্ট উপস্থাপনা প্রদান করেন। তিনি বিদ্যমান যোগাযোগ পদ্ধতি, সমস্যার বিবৃতি, সমাধান, নতুন সেবাদান পদ্ধতি, প্রত্যাশিত ফলাফল (টিসিভি) ও রির্সোস ম্যাপ উপস্থাপন করেন । পাওয়ার পয়েন্ট উপস্থাপনা শেষে ইনোভেশন কমিটি ও সাব-কমিটি এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । আলোচনা শেষে উপস্থিত কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দের ঐক্যমতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**সিদ্ধান্ত**

চট্টগ্রাম বন্দরে যে সরবরাহকারী VHF সরবরাহ ও টাওয়ার স্থাপন কার্যক্রম সম্পাদন করেছেন তাদের সাথে প্রকল্প উপস্থাপনকারী টিম যোগাযোগ করে বিশদ ভাবে খরচের বিবরণী সংগ্রহ, অভিজ্ঞতা সঞ্চয় এবং কারিগরি দিক পর্যালোচনা করে তা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করবেন। এই শর্তে প্রকল্পটি পরবর্তী কার্যক্রমের নিমিত্ত গৃহীত হলো ।

**প্রকল্প ৩: বিএসসির শেয়ার হোল্ডারদের ডিভিডেন্ট বন্টন সহজীকরণ**

বিএসসির শেয়ার হোল্ডারদের ডিভিডেন্ট প্রদান পদ্ধতি সহজীকরণ প্রকল্পটি সংস্থার এসএসএম বিভাগের সহকারী ব্যবস্থাপক জনাব এ.জি.এম. সাইফুর রহমান চৌধুরী এবং পরিকল্পনা বিভাগের সহকারী ব্যবস্থাপক জনাব মোঃ শামীম হোসেন উদ্ভাবন করেন । প্রকল্পটি নিয়ে তারা একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা দেন । তিনি বিদ্যমান সেবাদান পদ্ধতি, সমস্যার বিবৃতি, সমাধান, সুবিধাসমূহ , নতুন সেবাদান পদ্ধতি, প্রত্যাশিত ফলাফল (টিসিভি) ও রির্সোস ম্যাপ উপস্থাপন করেন । পাওয়ার পয়েন্ট উপস্থাপনা শেষে ইনোভেশন কমিটি ও সাব-কমিটি এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । আলোচনা শেষে উপস্থিত কমিটির সম্মানিত সকল সদস্যবৃন্দের ঐক্যমতের ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**সিদ্ধান্ত**

সেবাটি বিএসসির জন্য অত্যন্ত উপযোগী । সংস্থার শেয়ার শাখার সাথে আলোচনা করে প্রকল্পটি বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। যেহেতু প্রকল্পটির সাথে শেয়ারহোল্ডারদের স্বার্থ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধি বিধান জড়িত রয়েছে, সেহেতু কোন ক্ষেত্রেই যেনো তা সাংঘর্ষিক না হয় তা নিশ্চিত করতে বলা হয় । এই শর্তে প্রকল্পটি পরবর্তী কার্যক্রমের নিমিত্ত গৃহীত হলো ।

**আলোচ্য সূচীঃ খ: প্রকল্প যাচাই বাছাই করে অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গেঃ**

উপস্থাপিত ০৩(তিন)টি প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদিত হওয়াই প্রকল্প ০৩টি মন্ত্রণালয় হতে প্রেরিত ছক অনুযায়ী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচীঃ গ: সংস্থায় ০২ কর্মদিবসের সেবা সহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজনকরণ প্রসঙ্গেঃ**

ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, গত ১৪-১৫ অক্টোবর, ২০১৯ খ্রিঃ তারিখে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সেবা সহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণে সংস্থার ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব অংশগ্রহণ করেছেন । প্রশিক্ষনে জানানো হয়েছে ২৯ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে । বিষয়টি অবহিত হয়ে সভাপতি জানান যে, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে আগামী ২৩-২৪ অক্টোবর, ২০১৯ তারিখে প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে । বিষয়টি অনুমোদনের জন্য নোট উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন ।

সভায় আর কোন আলোচনা না থাকায় চীফ ইনোভেশন অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(কাজী মোহাম্মদ শফিউল আলম)
নির্বাহী পরিচালক (অর্থ)
ও
ইনোভেশন অফিসার

বিতরণ: সংশ্লিষ্ট সকলকে।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১-০৩। নির্বাহী পরিচালক (অর্থ)/(বাণিজ্য)/(প্রযুক্তি), বিএসসি, চট্টগ্রাম।
০৪। সচিব, বিএসসি, চট্টগ্রাম।
০৫। মহাব্যবস্থাপক (প্রশাসন), বিএসসি, চট্টগ্রাম।
০৬। মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিএসসি, চট্টগ্রাম।
০৭-১৫। মহাব্যবস্থাপক (চার্টারিং এন্ড ট্রাম্পিং)/(অপারেশন)/(দুরপ্রাচ্যও পঃ এঃ উঃ)/ (জাহাজ মেরামত)/ (শিপ পার্সোনেল)/(ডিপিএ এন্ড সিএসও)/(হিসাব)/(অর্থ/পরিকল্পনা)/(ওয়ার্কশপ)/,বিএসসি, চট্টগ্রাম।
১৬-১৭। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)/(এসএসএম), বিএসসি, চট্টগ্রাম।
১৮-২০। ইনোভেশন কমিটি ও সাব কমিটির সম্মানিত সদস্যবৃন্দ ও প্রকল্প উপস্থাপনকারীবৃন্দ, বিএসসি, চট্টগ্রাম।
২১। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি, চট্টগ্রাম।
২২। অফিস কপি।

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

## চট্টগ্রাম।

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৫২.৬২.০৮২.১৯ তারিখঃ ১৭-১০-২০১৯খ্রিঃ

অদ্য ১৭-১০-২০১৯খ্রিঃ তারিখ সকাল: ১২ ঘটিকায় বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত ইনোভেশন প্রকল্প যাচাই বাছাইয়ের উদ্দেশ্যে অনুষ্ঠিত কমিটির সভার উপস্থিতিঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব কাজী মোহাম্মদ শফিউল আলম | নিঃপঃ(অর্থ) ও ইনোভেশন অফিসার | |
| ০২. | মো: আমিনুল ইসলাম | উপ:ম: ব্য: (প্রশা:) ও (আইন) [illegible] | [illegible] 17.10.19. |
| ০৩. | মো: শরিফুল ইসলাম | সহ:ব্য: (অর্থ) | [illegible] 17.10.19 |
| ০৪. | মোহাম্মদ মঈন উদ্দিন | উপব্য. (এমএন্ডএম) | Mynuddin 17.10.19 |
| ০৫. | আহমদ উল্লাহ | সা:ব্য: (হিসাব) | [illegible] ১৭/১০/১৯ |
| ০৬. | আনোয়ারুল মাহমুদ | স: ব্য: (প্রশা:) | [illegible] |
| ০৭. | মোহাম্মদ দিদারুল আলম | স. ব্য. (প্রশা.) | [illegible] |
| ০৮. | মো. শাহিনুজ্জামান | স.ব্য. (বি.পা.) | [illegible] 17.10.19 |
| ০৯. | মো: শামীম আহমেদ | সহ: ব্য: (পা.ব্য:) | [illegible] 17/10/19 |
| ১০. | এ.জি.এম. সাইফুর রহমান চৌধুরী | উব্য. (প্রকৌশল) | [illegible] ১৭/১০/১৯ |
| ১১. | Rahgir Ahmed Sefhat | [illegible] | [illegible] ১৭/১০/১৯ |
| ১২. | Souha Tasnuva | AM (Workshop) | [illegible] |
| ১৩. | লে: ক: আমিনুর রহমান | জিএম (SR & W/S) | [illegible] ১৭/১০/১৯ |
| ১৪. | | | |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |